

## বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাবেক নির্বাহি

### প্রধানগণের নাম ও কর্মকাল

ক্রমিক নং	নাম	বর্ণনা
০১।	এ.কে.এম আব্দুর রউফ	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রথম কিউরেটর হিসেবে ১৭ই মে ১৯৭৮ সালে যোগদান করেন। তিনি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ১৭-০৫-১৯৭৮ থেকে ০৩-১২-১৯৯১ সাল পর্যন্ত কর্মরত ছিলেন।
০২।	এম.গোলাম পাঞ্জাতন	এম. গোলাম পাঞ্জাতন বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ১৯৯১ সালের ০৩ ডিসেম্বর দ্বিতীয় কিউরেটর হিসেবে যোগদান করেন। তিনি ১৯৯২ সালে ২০ জুন পর্যন্ত কিউরেটর হিসেবে দায়িত্ব পালন করেন।
০৩।	মো: মকবুল আহমেদ	জনাব মো: মকবুল আহমেদ বাংলাদেশ ফিল্ম আর্কাইভে কিউরেটর হিসেবে যোগদান করেন ১৯৯২ সালে ২০। তিনি ১৯৯২ সালের ৩০ নভেম্বর পর্যন্ত কিউরেটর হিসেবে কর্মরত ছিলেন। দ্বিতীয়বার তিনি ১৯৯৪ সালের ০৯মার্চ থেকে ১৯৯৬ সালের ১০ আগস্ট পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মহাপরিচালক হিসেবে কর্মরত ছিলেন।
০৪।	এ.কে.এম আমজাদ হোসেন	তিনি প্রথমে কিউরেটর হিসেবে ১৯৯২ সালের ১ ডিসেম্বর থেকে ১৯৯৪ সালের ১৪ জানুয়ারী পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে পদবী পরিবর্তন হয়ে মহাপরিচালক হিসেবে ১৫ জানুয়ারী ১৯৯৪ থেকে ০৯ মার্চ ১৯৯৪ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। তিনি পরবর্তীতে পুনরায় ১০ আগস্ট ১৯৯৬ থেকে ৬ ডিসেম্বর ১৯৯৬ সাল পর্যন্ত কর্মরত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে অবসর গ্রহন করেন।
০৫।	মো: মাহবুবুল আলম	জনাব মো: মাহবুবুল আলম হিসেবে ০১ জানুয়ারী ১৯৯৭ থেকে ২২ ডিসেম্বর ১৯৯৭ পর্যন্ত এবং ১০ জানুয়ারী ১৯৯৮ থেকে ০৬ অক্টোবর ১৯৯৮ পর্যন্ত কর্মরত ছিলেন।
০৬।	অখিল বন্ধু নাগ	জনাব অখিল বন্ধু নাগ স্বল্প সময়ের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মহাপরিচালক হিসেবে দায়িত্ব করেন। তিনি ১৯৯৭ সালের ২২ ডিসেম্বর থেকে ১৯৯৮ সালের ১০ ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভে কর্মরত ছিলেন।
০৭।	হাফিজা আখতার	জনাব হাফিজা আখতার মহাপরিচালক হিসেবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ১৯৯৮ সালের ০৬ অক্টোবর যোগদান করেন। পরবর্তীতে ২০০৩ সালের ১৯ জুন বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে অবসর গ্রহন করেন।
০৮।	ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন	ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভে তিন দফা মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৩ সালের ২৩ জুন থেকে ২০০৩ সালের ৭ই ডিসেম্বর পর্যন্ত চলতি দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ২০০৭ সালের ৮ জানুয়ারী থেকে ২০১০ সালের ফেব্রুয়ারি পর্যন্ত পুনরায় চলতি দায়িত্ব পালন করেন। ২০১০ সালের ১১ ফেব্রুয়ারি থেকে পূর্ণ দায়িত্বপ্রাপ্ত হয়ে ২০১০ সালের ০৯ জুন পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি ১৪ই ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান

		পর্যন্ত দায়িত্ব পালন করছে।
০৯।	আমিনুল ইসলাম	জনাব আমিনুল ইসলাম ২ বার বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০৩ সালের ৭ ডিসেম্বর থেকে ২০০৪ সালের ২০ মার্চ পর্যন্ত প্রথম বার দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ২০০৪ সালের ২০ মার্চ থেকে ২০০৪ সালের ১৮ অক্টোবর পর্যন্ত চলতি দায়িত্ব পালন করেন।
১০।	আবু জাফর মো: ইকবাল	জনাব আবু জাফর মো: ইকবাল স্বল্প সময়ের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৪ সালের ১৪ ফেব্রুয়ারি থেকে ২০০৪ এর ২০ মার্চ পর্যন্ত দায়িত্ব পালন করেন।
১১।	ইফতেখার হোসেন	জনাব ইফতেখার হোসেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ২০০৪ সালের ৩১ অক্টোবর থেকে ২০০৬ সালের ০৩ ডিসেম্বর পর্যন্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।
১২।	এ.কে.এম. শামীম চৌধুরী (অতিরিক্ত দায়িত্ব)	এ.কে.এম. শামীম চৌধুরী অতিরিক্ত দায়িত্ব হিসেবে সাময়িক সময়ের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।
১৩।	কামরুন নাহার	জনাব কামরুন নাহার বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ২০১০ সালের ৬ জুন থেকে ১৯ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত মহাপরিচালক হিসেবে কর্মরত ছিলেন। তিনি ২০ ফেব্রুয়ারি ২০১৪ থেকে ২৩ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসেবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।
১৪।	মোঃ আব্দুল মান্নান	জনাব মোঃ আব্দুল মান্নান মহাপরিচালক হিসেবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ২০১৪ সালের ২৩ ফেব্রুয়ারি যোগদান করেন। পরবর্তীতে ২০১৪ সালের ২৭ ফেব্রুয়ারি বাংলাদেশ ফিল্ম আর্কাইভ থেকে অবসর গ্রহণ করেন।